

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৪৩৪  
কুমারঘাট, ২ জানুয়ারি, ২০২৪

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও  
কুমারঘাট মহকুমায় পথনাটক

‘ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও’ অভিযানে সম্প্রতি কুমারঘাট মহকুমায় অনুষ্ঠিত হয়েছে দু’দিনব্যাপী পথ নাটক। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের ব্যবস্থাপনায় সমাজে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই পথ নাটক আয়োজিত হয়। বহুরূপী নাট্য সংস্থা মহকুমার দারচৈ বাজার, কুমারঘাট কো-অপারেটিভ, বেতছড়া বাজার, নেতাজী চৌমুহনী, কাঞ্চনবাড়ী মোটর স্ট্যান্ড, মাছমারা বাজার, পৈঁচারথল বাজার, কুমারঘাট রেল স্টেশন, ফটিকরায় বাজার ও পাল বাজারে নাটক ‘অর্ধ আকাশের উপাখ্যান’ পরিবেশন করে। পথনাটকটিতে কন্যা ভ্রূণ হত্যা ও বাল্যবিবাহ সমাজে কি কি বিপদ ডেকে আনছে তা তুলে ধরা হয়। এর বিরুদ্ধে সরব হতেও পথনাটক থেকে আহ্বান জানানো হয়। অনুরূপভাবে উনকোটি জেলার কৈলাসহর মহকুমায়ও নির্ঘোষ নিক্কন নাট্য সংস্থা মহকুমার বিভিন্ন জনপদে উপস্থাপন করে নাটক ‘অবলার অবেলা’।

\*\*\*\*\*